

## শ্রীশ্রীহরি সঙ্গীত

### ৬০ নং তাল-কশ্মিরী

হরিনাম সিংহ রবে পালায় শমন বাঘ।

দেখে ভক্ত সিংহের প্রেম অনুরাগ।।

- ১। ষড় রিপু পশু ছয় জন, ছেড়ে তারা হৃদয় কানন।  
ভয়ে পেয়ে করে পলায়ন ঘুচল দশ ইন্দ্রিয়ের জাঁক।।
- ২। শুনে মধুর হরিধ্বনি, আনন্দে নাচে মেদিনী।  
নাচে গঙ্গা সুরধনী ঘুচল কলির কলুষ দাগ।।
- ৩। হরি সিংহ শাবক যারা হুঙ্কারে কাঁপায় ধরা।  
কলির রাজত্বর তারা কেড়ে নিল দিল না ভাগ।।
- ৪। প্রেম রসেতে মাতায় জগৎ কিবা কাঙ্গাল কিবার মহৎ।  
জগতে না থাকবে অসৎ সকলে সাধু মহাভাগ।।
- ৫। হরিচাঁদ জগতে এল চিত্ত সন্দ ঘুচিয়ে গেল।  
সকলে চৈতন্য হ'ল অশ্বিনী হলনা সজাগ।।

### ৬১ নং তাল-গড়খেমটা

প্রেমের পাগল সাজলি না মন, কিসে মিলবের গুরুবস্ত্র ধন।

ভবের পাগল সেজে রৈলি গোলমালে হ'লি পতন।।

- ১। প্রেম নগরে উঠেছে সাড়া প্রেমের পাগল যারা যারা।  
প্রেমানন্দে মাতোয়ারা ডুবুডুবু দু'নয়ন।।
- ২। প্রেম পাগলের এমনি রীতি হৃদয়ে অনুরাগের বাতি।  
জ্বালিতেছে দিবারাতি দেখতে পায় যুগল মিলন।।
- ৩। প্রেম রসেতে মত্ত হয়ে, অষ্ট পাশ সে তেয়াগিয়ে।  
আহার নিদ্রা সাঁইকে দিয়ে, করে প্রেম আস্থাদন।।
- ৪। প্রেমের পাগল গোলকচন্দ্র, আর মেতেছে মহানন্দ।  
আর এক পাগল তারকচন্দ্র, আর পাগল সে হীরামন।।